দৈনিক ইত্তেফাক

তারিখ ... 10 AUG 1995 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৫ ...

৯৭

# এসএসসি ॥ রাজশাহী বোর্ডে পাসের হার ৭১·৯০ : কুমিল্লায় ৭৪·৯৩

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল (বুধবার) রাজশাহী ও কুমিল্লা বোর্ডের ১৯৯৫ সালের এসএসসি পরীক্ষার ফলাফল প্রকাশিত হইয়াছে। পাসের হার যথাক্রমে রাজশাহী ৭১ দশমিক ৯০ এবং কুমিল্লা ৭৪ দশমিক ৯৩। রাজশাহী বোর্ডে সাধারণ বিজ্ঞান শাখার সম্মিলিত মেধা তালিকায় দিনাজপুর জেলা স্কুলের এবিএম তৌফিক হাসান এবং সমাজ বিজ্ঞান শাখার সম্মিলিত মেধা তালিকায় নওগাঁ সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ের শারমিন সুলতানা প্রথম হইয়াছে। কুমিল্লা বোর্ডে সাধারণ বিজ্ঞান শাখার সম্মিলিত মেধা তালিকায় কুমিল্লা জেলা স্কুলের জামিল তৌফিক ইমাম এবং সমাজ বিজ্ঞান শাখার মেধা তালিকায় বরাসী শাহ উচ্চ বিদ্যালয়ের মোসাঃ নীলিমা আকতার প্রথম হইয়াছে।

## রাজশাহী বোর্ড

রাজশাহী বোর্ডে মোট পরীক্ষার্থী ছিল ১ লক্ষ ৯৭ হাজার ৩৩৪ জন। তন্মধ্যে ৫৮ হাজার ৯৫১ জন প্রথম, ৭৮ হাজার ৮৩ জন দ্বিতীয় এবং ৪ হাজার ৮৫৪ জন তৃতীয় বিভাগে [illegible] পাস করিয়াছে। [illegible] প্রাইভেট পরীক্ষার্থীর সংখ্যা ছিল যথাক্রমে ১ লক্ষ ৯১ হাজার ৮৮৫ ও ৫ হাজার ৪৪৯। নিয়মিত পরীক্ষার্থীদের মধ্যে ১ লক্ষ ৩৮ হাজার ৮৪৭ জন এবং প্রাইভেট পরীক্ষার্থীর মধ্যে ৩ হাজার ৪১ জন পাস করিয়াছে। এই বোর্ডে পুরুষ ও মহিলার পাসের হার [illegible] দশমিক ৯২ ও ৭১ দশমিক [illegible] (৭-র পৃঃ দ্রঃ)

**রাজশাহী ও কুমিল্লা বোর্ডের**

(১ম পৃঃ পর)

শাখার সম্মিলিত মেধা তালিকায় রাজশাহী সরকারী ল্যাবরেটরীর ছাত্র আবুল বাশার মোহাম্মদ মাহবুবুল হক দ্বিতীয় এবং গভঃ পি এন গার্লস হাইস্কুলের রয়েশা নাফিস এবং গবেষণা হাইস্কুলের মোঃ কামরুজ্জামান পারভেজ (যুগ্মভাবে) তৃতীয় স্থান অধিকার করিয়াছে। সমাজ বিজ্ঞান শাখার মেধা তালিকায় গভর্ণমেন্ট পিএন গার্লস হাইস্কুলের মেহনাজ মুস্তাফা ইকবাল দ্বিতীয় এবং গান্দাইল পাটানকান্দি হাইস্কুলের মোঃ আনামুল হাবিব তৃতীয় স্থান অধিকার করিয়াছে।

## কুমিল্লা বোর্ড

কুমিল্লা বোর্ডে মোট অংশগ্রহণকারী পরীক্ষার্থীর সংখ্যা ছিল ১ লক্ষ ৮৯ হাজার ৬০৫ জন। তন্মধ্যে ৬৯ হাজার ৫৯৭ জন প্রথম, ৭১ হাজার ৯১ জন দ্বিতীয় এবং ১ হাজার ৩৭৪ জন তৃতীয় বিভাগে পাশ করিয়াছে। এই বোর্ডে নিয়মিত এবং প্রাইভেট পরীক্ষার্থীর সংখ্যা ছিল যথাক্রমে : ১ লক্ষ ৮২ হাজার ৮৮ এবং ৭ হাজার ৫১৭ জন। নিয়মিত পরীক্ষার্থীর মধ্যে ১ লক্ষ ৩৭ হাজার ৯৮০ এবং প্রাইভেট পরীক্ষার্থীদের মধ্যে ৪ হাজার ৮২ জন পাশ করিয়াছে। পুরুষ ও মহিলার পাশের হার যথাক্রমে ৭৬ দশমিক ৬৯ এবং ৭২ দশমিক ৪৭। এই বোর্ডে সাধারণ বিজ্ঞান শাখার মেধা তালিকায় চট্টগ্রাম কলেজিয়েট হাইস্কুলের আলমগীর মুহাম্মদ ফারুকী দ্বিতীয় এবং সিলেট ক্যাডেট কলেজের এ এইচ এম আনোয়ার সাদগানী তৃতীয় স্থান অধিকার করিয়াছে। সমাজ বিজ্ঞান শাখার মেধা তালিকায় ইস্পাহানী পাবলিক হাইস্কুলের শারমিন জাহান তানিয়া দ্বিতীয় এবং একই স্কুলের বাসনী বড়ুয়া তৃতীয় স্থান অধিকার করিয়াছে।